

এনএসইউ এলুমনাই এসোসি়েশন গঠিত
অচিরেই হয়ত বেসরকারী
ভার্সিটিসমূহ সরকারীগুলোকে
পিছনে ফেলে এগিয়ে যাবে

—শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার : দেশের শীর্ষস্থানীয় বেসরকারী বিশ্ববিদ্যালয় নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) প্রাক্তন ছাত্র-ছাত্রীদের নিয়ে 'এনএসইউ এলুমনাই এসোসিয়েশন' গঠিত হয়েছে। গত ৭ বছরে নর্থ সাউথ ইউনিভার্সিটি থেকে প্লাস রুৱা ৭০১ জন গ্র্যাজুয়েট নিয়ে গঠিত এই এলুমনাই এসোসিয়েশনের আনুষ্ঠানিক উদ্বোধন হয়েছে গতকাল। শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক গতকাল (সোমবার) হোটেল শেরাটনের উইটার গার্ডেন মিলনায়তনে আয়োজিত এই উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় বলেন, নর্থ সাউথ ইউনিভার্সিটি থেকে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা ইতিমধ্যেই দেশে-বিদেশে তাদের স্ব স্ব কর্মক্ষেত্রে মেধা, দক্ষতা ও যোগ্যতার স্বাক্ষর রাখতে সমর্থ হয়েছে। তাদের এই ঐক্যবদ্ধ প্রয়াস ও নতুন সমিতি এদেশের উন্নয়নমূলক কর্মকাণ্ডে ভবিষ্যতে আরো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

ছাত্র-শিক্ষক রাজনীতি না থাকার কারণেই নর্থ সাউথ ইউনিভার্সিটির মতো এদেশের খ্যাতিনামা বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলো বিশ্বমানের পাঠ্যক্রম অনুসরণের মাধ্যমে নিয়মিত পড়াশুনা চালিয়ে যেতে ও প্রতিবছর আন্তর্জাতিক মানের অসংখ্য সফল গ্র্যাজুয়েট তৈরী করতে সক্ষম হচ্ছে বলে তিনি মন্তব্য করেন। তিনি সরকারী বিশ্ববিদ্যালয়গুলোকেও এ দৃষ্টান্ত অনুসরণের আহ্বান জানিয়ে বলেন, সেদিন হয়তো বেশী দূরে নয়।

যেদিন বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলো এদেশের সরকারী বিশ্ববিদ্যালয়গুলোকে পেছনে ফেলে দ্রুত এগিয়ে যাবে।

নবগঠিত নর্থসাউথ ইউনিভার্সিটি এলুমনাই এসোসিয়েশনের সভাপতি এম মাহসুদুর রিয়াজের সভাপতিত্বে আয়োজিত এ উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রাইভেটাইজেশন কমিশনের চেয়ারম্যান এনাম এ চৌধুরী এবং নর্থসাউথ

ইউনিভার্সিটি ফাউন্ডেশনের চেয়ারম্যান এ বি এম কামাল উদ্দিন খান। এছাড়া আলোচনায় অংশ নেন নর্থসাউথ ইউনিভার্সিটির প্রো-ভিসি ডঃ হামিজ জি এ সিদ্দিকী, এনএসইউ এলুমনাই এসোসিয়েশনের জাইস প্রেসিডেন্ট এ এ এম এম শামসুজ্জামান এবং সাধারণ সম্পাদক ফখরুদ্দিন আহমেদ।

প্রধান অতিথি ড. ওসমান ফারুক নর্থসাউথ ইউনিভার্সিটিকে এদেশের বেসরকারী বিশ্ববিদ্যালয়ের পথিকৃৎ উল্লেখ করে বলেন, বিশ্বায়নের এই যুগে গুণগত এবং উপযুক্ত কর্মসংস্থানের উপযোগী শিক্ষার প্রতিযোগিতায় টিকে থাকতে না পারলে আমাদের উচ্চ শিক্ষার প্রতিষ্ঠানগুলো অর্থহীন হয়ে পড়বে।

বিশেষ অতিথির বক্তৃতায় এনাম এ চৌধুরী বলেন, উচ্চ শিক্ষা আমাদের শির উঁচু করে দাঁড়াতে শেখায়।